

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৯, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ আশ্বিন ১৪১৯ বঙ্গাব্দ/৩০ সেপ্টেম্বর ২০১২ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৩৩৩-আইন/২০১২।—Standards of Weights and Measures Ordinance, 1982 (Ordinance No. XII of 1982) এর section 64 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ স্ট্যান্ডার্ড ওজন এবং পরিমাপ (পণ্য সামগ্রী মোড়কজাতকরণ) বিধিমালা, ২০০৭ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

- (ক) বিধি ৫ এর উপ-বিধি (১) এর দফা (জ) এ উল্লিখিত “এই বিধিমালার নির্ধারিত অন্যান্য বিষয়ে সকল তথ্য বাংলায় এবং পছন্দ মোতাবেক অন্য কোন ভাষায় লিখিত হইতে হইবে ঃ” শব্দগুলি ও কোলনের পরিবর্তে “এই বিধিমালার নির্ধারিত অন্যান্য বিষয়ে সকল তথ্য বাংলায় লিখিত হইতে হইবে এবং প্রয়োজনে বাংলার পাশাপাশি অন্য কোন ভাষায়ও লেখা যাইবে ঃ” শব্দগুলি ও কোলন প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিধি ৩২ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩২ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“৩২। মোড়কজাতকারীর নিবন্ধন।—(১) কোন মোড়কজাতকারী নিবন্ধন ব্যতিরেকে কোন পণ্য বিক্রয়, বিতরণ বা সরবরাহের উদ্দেশ্যে মোড়কজাত করিতে পারিবে না।

(১৯৩১০৯)

মূল্য ঃ টাকা ৮.০০

(২) নিবন্ধনের উদ্দেশ্যে মোড়কজাতকারীকে প্রত্যেক মোড়কজাত পণ্যের জন্য ১০০০.০০ (এক হাজার) টাকা ফিসহ পরিচালক (মেট্রোলজী) এর বরাবর তফসিল ১০ এর ফরম-ক এ আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদনপ্রাপ্তির পর পরিচালক (মেট্রোলজী) আবেদনপত্রটি যাচাই বাছাই করিয়া সরেজমিনে পরিদর্শনপূর্বক সন্তুষ্ট হইলে আবেদনকারীর অনুকূলে ০৩ (তিন) বৎসর মেয়াদকালের জন্য তফসিল-১০ এর ফরম-খ এ নিবন্ধন সনদ ইস্যু করিবেন যাহা প্রতি ০৩ (তিন) বৎসর অন্তর অন্তর নবায়নযোগ্য হইবে।

(৪) মোড়কজাতকারী উক্ত উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত সনদপত্র উপ-বিধি (২) এ বর্ণিত ফি প্রদান সাপেক্ষে ফরম ক এ নবায়নের জন্য আবেদন করিবেন।

(৫) আবেদনকারী এই বিধিমালা কার্যকর হওয়ার পূর্ব হইতে কোন পণ্য মোড়কজাতকারী হইতে এই বিধিমালা কার্যকর হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে নিবন্ধনের জন্য আবেদন করিবেন।

(৬) এই বিধিমালা কার্যকর হওয়ার পর ইতিমধ্যে কোন নিবন্ধন সনদ ইস্যু করা হইয়া থাকিলে এবং ইতিমধ্যে ০৩ (তিন) বৎসর অতিক্রান্ত হইয়া থাকিলে উহা এই বিধি কার্যকর হইবার তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে নবায়ন করিতে হইবে।

(৭) নিবন্ধন সনদপত্রে উল্লিখিত ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে, নিবন্ধিত মোড়কজাতকারী ঠিকানা পরিবর্তনের ১৫ (পনেরো) দিন পূর্বে লিখিতভাবে নূতন ঠিকানা পরিচালক (মেট্রোলজী) কে অবহিত করিবে।”;

(গ) তফসিল ৯ এর পর নিম্নরূপ নূতন তফসিল ১০ সংযোজিত হইবে, যথা :—

“তফসিল-১০

ফরম-ক

মোড়কজাতকারীর নিবন্ধনের জন্য আবেদন

[বিধি ৩২ দ্রষ্টব্য]

বরাবর

পরিচালক (মেট্রোলজী)

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)

১১৬-ক, তেজগাঁও শিল্প এলাকা

ঢাকা-১২০৮।

১। আমি/আমরা (প্রতিষ্ঠানের পূর্ণ নাম).....

.....ঠিকানায় ব্যবসারত আছি। The Standards of Weights and Measures Ordinance, 1982 (Ord. No. XII of 1982) এর section 64 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জারীকৃত বাংলাদেশ ওজন এবং পরিমাপ (পণ্য সামগ্রী মোড়কজাতকরণ) বিধিমালা, ২০০৭ অনুযায়ী পণ্যের মোড়কজাতকরণের উদ্দেশ্যে আমি মোড়কজাতকারী হিসাবে নিবন্ধনের/নিবন্ধন নবায়নের জন্য আবেদন করিতেছি :

- | | | | |
|-----|---|---|---|
| (ক) | আবেদনকারীর নাম | : | |
| (খ) | ঠিকানা | : | গ্রাম/মহল্লা : রাস্তা/ব্লক/সেক্টর : থানা : ডাকঘর : জেলা : পোস্টকোড : |
| (গ) | টেলিফোন নম্বর (যদি থাকে) | : | |
| (ঘ) | মোবাইল নম্বর | : | |
| (ঙ) | জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| (চ) | টিআইএন নম্বর | : | |
| (ছ) | ট্রেড লাইসেন্স নম্বর | : | |
| (জ) | আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক এক বা একাধিক পণ্য মোড়কজাত করার স্থানের পূর্ণ ঠিকানা | : | |
| (ঞ) | আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক মোড়কজাতকৃত পণ্যের নাম | : | |
| (ট) | মোড়কে ধারণকৃত পণ্যসামগ্রীর ওজন, পরিমাপ ও সংখ্যার বিবরণ | : | |
| (ঠ) | মোড়কজাতকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : | |

